

সর্বভারতীয় তৃণমূল কংগ্রেস প্রেস বিজ্ঞপ্তি

জনগণের জন্য জয় ও উন্নয়নের অঙ্গীকার করে,

দল তৃণমূলে নব জোয়ারের প্রচারের গানটি প্রকাশ করল

কলকাতা ২৩.০৫.২০২৩

একটি উন্মাদনায় ভরপুর সুর এবং অনুপ্রেরণামূলক গানের মাধ্যমে তৃণমূলে নব জোয়ারের মূল বক্তব্য উপস্থাপন করে, সর্বভারতীয় তৃণমূল কংগ্রেস আজ, ২৩ মে, ২০২৩, প্রচারের গান এবং মিউজিক ভিডিওটি প্রকাশিত করেছে। প্রচারাভিযানের গানটি এই দুই মাসের জন সংযোগ যাত্রার শেষে জনগণের জন্য জয়ের অঙ্গীকার করে।

তৃণমূলে নব জোয়ার প্রচারাভিযানের গানটি – রাজ্যের জনগণের উন্মাদনাকে সঠিকভাবে বর্ণনা করেছে, বিশাল সংখ্যায় মানুষ আমাদের প্রচারাভিযানের সমর্থনে এগিয়ে এসেছেন এবং সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের জাতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের "সঠিক প্রার্থীদের" নির্বাচন নিশ্চিত করার লক্ষ্যে তাঁকে সমর্থন জানিয়েছেন। আগামী পঞ্চায়েত নির্বাচনের জন্য গণভোটের মাধ্যমে প্রার্থী নির্বাচন করার লক্ষ্যে এগিয়ে চলেছেন তিনি।

তৃণমূলে নব জোয়ারের সঙ্গীত পরিবেশনটি "বন্ধ দরজা ভেঙে" এবং জনগণকে তাদের নিজস্ব প্রার্থী বাছাই করার প্রতিশ্রুতিই পুনর্ব্যক্ত করে। সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের মাননীয় সভানেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশনায়, জাতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের জন সংযোগ যাত্রার দক্ষ নেতৃত্বে, রাস্তায় নেমে প্রার্থী বাছাইয়ের লক্ষ্যকে অনুসরণ করেছে তৃণমূলে নব জোয়ার প্রচার কর্মসূচি। 'মানুষের পঞ্চায়েত' গড়তে শাসক দলের এই প্রতিশ্রুতি জনগণকেও আশ্বস্ত করেছে।

গানটি তৃণমূলের এই নব জোয়ারের জন্য জনসাধারণের অনুভূতি এবং তাদের উত্তেজনাও উদযাপন করে যা আমাদের নির্বাচনী গণতন্ত্রকে আরও শক্তিশালী করবে, জনগণকে ক্ষমতায়ন করবে এবং তাদের কল্যাণকে অগ্রাধিকার দেবে। এটি বাংলার জনগণকে অত্যাচারী শাসনের বিরুদ্ধে আমাদের অধিকারের জন্য লড়াই করার ঐতিহ্যকে সমুল্লত রাখতে অনুপ্রাণিত করে।

বিভিন্ন স্থানীয় যন্ত্র, থিম, মোটিফ এবং শিল্পীদের ব্যবহারের মাধ্যমে বাংলার বিভিন্ন সম্প্রদায়কে সম্মান করে, প্রচারের গানটি তৃণমূলে নব জোয়ারের বার্তাকে সৃজনশীলতার সঙ্গে প্রচার করে, শ্রোতাদের মধ্যে হাসি ও আনন্দ ছড়িয়ে দেয়।

প্রচারের গানটি সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের জাতীয় সাধারণ সম্পাদকের অনুপ্রেরণামূলক যাত্রার কথাও বর্ণনা করে, যিনি ২৫ এপ্রিল থেকে যাত্রা শুরু করেছেন এবং রাজ্যের ১১টি জেলা জুড়ে শত শত কার্যক্রম পরিচালনা করেছেন। এ পর্যন্ত, দলের জাতীয় সাধারণ সম্পাদক ২৫+ রোড শো, ৪০+ বিশেষ অনুষ্ঠান এবং ৮০+ জনসমাবেশ করেছেন হাজার হাজার কিলোমিটার জুড়ে।